



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

তারিখ: ২৪ অক্টোবর, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

হাসপাতালে ডাক্তারদের উপস্থিতি নিশ্চিত করতে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সরকারী হাসপাতাল/স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান ও হাসপাতালে স্বাস্থ্য সেবা প্রদান ও ব্যবস্থাপনাগত বিষয়ে সার্বিক কার্যক্রমের জন্য গঠিত মনিটরিং সেলের নিষ্ক্রিয়তাকে কেন অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে মহামান্য হাইকোর্টের রুল জারি

গত ২৩ অক্টোবর ২০১৮ তারিখ, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) কর্তৃক দায়েরকৃত (রিট পিটিশন নং ৯১১৮) রিট আবেদনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্টের মাননীয় বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি মো. আশরাফুল কামালের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ হাসপাতালে ডাক্তারদের উপস্থিতি নিশ্চিত করতে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সরকারী হাসপাতাল/স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান ও হাসপাতালে স্বাস্থ্য সেবা প্রদান ও ব্যবস্থাপনাগত বিষয়ে সার্বিক কার্যক্রমের জন্য গঠিত মনিটরিং সেলের নিষ্ক্রিয়তাকে কেন অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন। একইসাথে মহামান্য হাইকোর্ট আগামী চার সপ্তাহের মধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় এর সচিব, স্বাস্থ্য সেবা অধিদপ্তরের মহাপরিচালক সহ সংশ্লিষ্ট বিবাদীদের এ রুলের জবাব দিতে নির্দেশ প্রদান করেছেন।

এছাড়া আগামী ৩০ এপ্রিল ২০১৯ ইং তারিখের মধ্যে দেশের সব উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডাক্তারদের উপস্থিতি ও অনুপস্থিতির বিষয়ে একটি তালিকা চেয়েছেন মহামান্য হাইকোর্ট এবং এ প্রতিবেদন আদালতে এফিডেভিট আকারে দাখিল করতে নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি স্বাস্থ্য মন্ত্রণালয়ের সচিব, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকসহ হাসপাতালগুলোর চিকিৎসকদের মনিটরিং করা জন্য গঠিত সেল এর আহ্বায়ক ও সদস্য সচিবকে এই আদেশ বাস্তবায়ন করতে বলা হয়েছে।

উল্লেখ্য যে, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) কর্তৃক গত ১২ জুলাই ২০১৮ ইং তারিখে এ জনস্বার্থ মামলা দায়ের করা হয়। উক্ত আবেদনের প্রাথমিক শুনানি শেষে আজ এ আদেশ দেন মহামান্য হাইকোর্ট এবং আগামী ৭ মে ২০১৯ তারিখ মামলার পরবর্তী শুনানির দিন ধার্য করা হয়েছে।

আবেদনকারীদের পক্ষে মামলা পরিচালনা করেন ব্যারিস্টার আব্দুল হালিম, এড আবু ওবায়দুর রহমান, এড আইনুল নাহার লিপি, এড জামিউল হক ফয়সাল এবং এড আয়শা আক্তার। রাষ্ট্রপক্ষে উপস্থিত ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল একরামুল হক টুটুল।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ইমেইল- mahbuba@blast.org.bd

প্রয়োজনে যোগাযোগ করুন:

- এডভোকেট আব্দুল হালিম, এডভোকেট, সুপ্রীম কোর্ট, বাংলাদেশ ইমেইল : halim_md@yahoo.co.uk
- এডভোকেট আবু ওবায়দুর রহমান, এডভোকেট, সুপ্রীম কোর্ট, বাংলাদেশ [ফোন: ০১৯১৪১২৯৮৫৬, ইমেইল obaid.rahman67@gmail.com]